

রিটার্নিং অফিসারের কার্যালয়
ও
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

নিত্যানন্দপুর ইউনিয়নের ০৬নং সাধারণ ওয়ার্ড সদস্য শূন্য ঘোষিত পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচীর গণবিজ্ঞপ্তি

যেহেতু, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ১৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৪.২০-৮৭ নং পত্রের নির্দেশনা ও জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ কর্তৃক গত ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে ১৭.০৫.৪৪০০.০০০.৪১.০০৮.১৯-৩১১ নং প্রজ্ঞাপন মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫(১) এর বিধান অনুযায়ী ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার নিত্যানন্দপুর ইউনিয়নের ৬ নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য নিম্নস্বাক্ষরকারীকে রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ প্রদান করিয়াছেন।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে আমি জুয়েল আহমেদ, উপজেলা নির্বাচন অফিসার এবং রিটার্নিং অফিসার, নিত্যানন্দপুর ইউনিয়ন ৬ নং সাধারণ ওয়ার্ড উপ-নির্বাচন-২০২০;

এতদ্বারা সংশ্লিষ্ট এলাকার সর্বসাধারণের অবগতির জন্য ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার নিত্যানন্দপুর ইউনিয়নের ৬ নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপ-নির্বাচনে নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখঃ	২৩/০৯/২০২০ খ্রিষ্টাব্দ/ ৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ, (বুধবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখঃ	২৬/০৯/২০২০ খ্রিষ্টাব্দ/ ১১ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ, (শনিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখঃ	০৩/১০/২০২০ খ্রিষ্টাব্দ/ ১৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ, (শনিবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখঃ	২০/১০/২০২০ খ্রিষ্টাব্দ/ ০৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ, (মঙ্গলবার)

আমি আরও জানাইতেছি যে, ১৫/০৯/২০২০ ইং তারিখ (বুধবার) হইতে ২৩/০৯/২০২০ ইং তারিখ (বুধবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০ টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত নিত্যানন্দপুর ইউনিয়নের ৬নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপ-নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

UAF
15.09.2020

(জুয়েল আহমেদ)
রিটার্নিং অফিসার

নিত্যানন্দপুর ইউপি ৬নং ওয়ার্ড সদস্য উপ-নির্বাচন/২০

ও

উপজেলা নির্বাচন অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

তারিখঃ ১৫/০৯/২০২০ খ্রিঃ

স্মারক নং-১৭.০৫.৪৪৮০.০০০.৪১.০০১.১৮- ৮০

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ডিগ্রিতে নহে):-

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৫। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৯। জেলা কমান্ডান্ট, আনসার ও ডিডিপি, ঝিনাইদহ।
- ১০। অফিসার ইন চার্জ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১১। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১২। চেয়ারম্যান, নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। (গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১৩। নোটিশ বোর্ড।

UAF
15.09.2020

(জুয়েল আহমেদ)
রিটার্নিং অফিসার

নিত্যানন্দপুর ইউপি ৬নং ওয়ার্ড সদস্য উপ-নির্বাচন/২০

ও

উপজেলা নির্বাচন অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ